

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৪. আলিমগণের অনুসরণ

بَابُ الْاقْتِدَاءِ بِالْعُلَمَاءِ

আরবী

أَخْبَرَنَا مَنْصُورُ بْنُ سَلَمَةَ الْخُزَاعِيُّ، عَنْ شَرِيكِ، عَنْ أَبِي حَمْزَةَ، عَنْ إِبْرَاهِيمَ قَالَ: لَقَدْ أَدْرَكْتُ أَقْوَامًا لَوْ لَمْ يُجَاوِزْ أَحَدُهُمْ ظُفْرًا، لَمَا جَاوَزْتُهُ، كَفَى إِزْرَاءً عَلَى قَوْمٍ أَنْ تُخَالَفَ أَفْعَالُهُمْ

إسناده ضعيف لضعف أبي حمزة وهو: ميمون القصاب

বাংলা

২২৪. ইবরাহীম বলেন, আমি এমন লোকদেরকে পেয়েছি (সাহাবীগণকে), যদি তাদের কেউ (ওযুতে) একটি নখও অতিক্রম না করতেন, তাহলে আমি অবশ্যই তা অতিক্রম করতাম না। কোন লোকের ঘৃণ্য বা তুচ্ছ হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে তাদের আমলের খেলাফ বা বিপরীত আমল করবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, কারণ আবু হামযাহ যয়ীফ। (তবে অন্য সুত্রে এটি সহীহ। তাখরীজ দ্রস্টব্য)

তাখরীজ: আবু নুয়াইম, হিলইয়া ৪/২২৭; আ'মাশ সূত্রে, সনদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন